# দিঘলিয়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১০ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৫ অক্টোবর ২০২২, মঙ্গলবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সেপ্টেম্বর ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | সেপ্টেম্বর ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিত ভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভূক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরনীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: সেপ্টেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১০,৮২,৪৬১/৫৫<br>মোট ব্যয়-১১,৪৩,৫১০/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৬.১৪ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা প্রায় ৪০১.৯৯ লক্ষ টাকা। যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যান্য প্রকল্প ও কর্মসূচীর মোট ৪৯.৪০ লক্ষ | সভায় বিস্তারিত আলোচনান্তে সুফলভোগীদের প্রশিক্ষণউত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের ৩ মাসে ৩৯.৩৭ লক্ষ টাকা আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ইউএনও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | রাখাতে সংশ্লিষ্টদের সহযোগীতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা জনস্বাস্থ্য কমিটি | সভায় উপজেলা জনস্বাস্থ্য অফিসার জানান যে, বর্তমান ২০২২-২৩ অর্থবছরে pswsc প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নরকূপ বরাদ্দ পাওয়া যায়। স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দ ও মাননীয় সংসদ সদস্য, খুলনা-৪ মহোদয়ের কাছে উক্ত বরাদ্দের অনুকূলে স্থান তালিকা প্রেরনের জন্য অনুরোধ করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে) পরিবারের জন্য ১৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০৩ টি ওয়াশব্লক নির্মাণ, ০৯ টি Tsp স্থাপন কাজ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতিমালা অনুযায়ী সমস্ত স্থান তালিকা চুড়ান্ত করে যথাযথ নিয়ম অনুযায়ী গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মহিলা ও শিশু বিষায়ক কমিটি | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, অত্র দপ্তরের ভিডাব্লুবি খাদ্যশস্য বিতরণ চলমান আছে। সেপ্টেম্বর/২২ মাসে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় ১৮৪২৫/-(আঠারো হাজার চারশত পচিঁশ) টাকা করা হয়েছে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ প্রকল্পের কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন সামাজিক দূরত্ব বজায় রেখে সুষ্ঠভাবে প্রদান করা হচ্ছে। উক্ত প্রকল্পের কর্তৃপক্ষের নির্দেশনায় ক্যারাতে প্রশিক্ষণ এবং নাস্তা বন্ধ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে দুস্থ অসহায় নারীরা যাতে বঞ্চিত না হয় সে দিকে লক্ষ্য রেখে উপকারভোগী নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০৭ | উপজেলা যুব ও ক্রীড়া কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০ জন, নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০১ ব্যচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে। বাজেট অনুযায়ী ০১ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বিগত মাস পর্যন্ত ৩,৮০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার মোটামোটি ভাল তবে কোভিড ১৯ এর কারণে কিছু খেলাপী আছে, প্রশাসনের সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব হবে বলে মনে করি। দপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম শুরু হবে। তবে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে কাজ করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও আগামী ১ লা নভেম্বর/২০২২ জাতীয় যুব দিবস পালনের পত্র পাওয়া গিয়াছে। সবার সহযোগীতায় যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে, এ জন্য যুব সদস্যদের মাঝে যুব ঋণ বিতরনও প্রশিক্ষণ উদ্বোধন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান মেনে দাপ্তরিক কার্য পরিচালনাসহ জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প ১২ টি আবাসন নির্মাণ কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বীর নিবাস নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধন্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০৯ | বিবিধি আলোচনা। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, দিঘলিয়া (Fwc) এর ভিতরে সিরিজ গাছের ডালপালাসিমানা প্রাচির ছাড়িয়ে বাহিরে চলে গেছে, যা পাশে বসবাস করা পরিবারের বাড়ীর অনেক ক্ষতি হচ্ছে। তিনি আরো বলেন আড়ংঘাটা (Fwc) দীর্ঘদিন (SACMO, Fwv) পদ শূন্য ছিলো সেখানে গত মাসে (SACMO, Fwv) যোগদান করেন। সভায় সভাপতি মহোদয়, স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহিতা বাড়ানোর লক্ষ্যে সিটি | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিরিজ গাছের ডাল কাটাসহ দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্পোরেশনসহ নিম্ন অগ্রগতি এলাকার সংশিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্মীদের মোটিভেশন কার্যক্রম ও তদারকি বৃদ্ধি করবার জন্য পরামর্শ দেন। | | |
| ১০ | উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, ০৭ অক্টোবর হতে মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২ শুরু হয়েছে যা চলবে ২৮ অক্টোবর পর্যন্ত। প্রতিদিন অভিযান পরিচালিত হচ্ছে এবং নিয়মিত জনসচেতনতা মূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি বলেন ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ২০ টি জেলে পরিবারকে বিকল্প কর্মসংস্থান উপকরণ বিতরণে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সবকিছু ঠিক থাকলে আগামী ০৯ নভেম্বর উপকরণ বিতরণ করা হবে। তিনি আরো বলেন অভিযান পরিচালনার জন্য একটি মেকানাইজড বোটের ব্যবস্থা করার জন্য পরিষদের নিকট আবেদন করা যাচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মা ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালনাসহ জেলা পরিবারকে বিকল্প কর্মসংস্থান উপকরন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা স্বাস্থ্য দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সম্প্রতি দিঘলিয়া উপজেলার দেয়াড়া গ্রামে ডেঙ্গু জ্বরে আক্রান্ত ৬ জন রোগী উপজেলা হাসপাতালে ভর্তি রয়েছে। এরা প্রত্যেকে বাহির থেকে আসছেন। তিনি বলেন আমাদের সকলের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার কথা বলেন। তিনি আরো বলেন হাসপাতালে কুকুরে কামড়ানোর রোগীর ভ্যাকসিন এর মজুদ শেষ হয়ে গেছে। তিনি বলেন উপজেলা পরিষদের (এডিপি) এর অর্থ থেকে ভ্যাকসিন ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আমাদের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকলানা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা কৃষি দপ্তর | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, তার দপ্তরের বিভিন্ন সময়ে আসা বিভিন্ন কৃষি উপকরন আসে সেগুলি রাখার জন্য তার অফিসে কোন গোডাউন না থাকায় বাধ্য হয়ে অনেকক্ষেত্রে উপজেলার হলরুম ব্যবহার করা হয়। বিধায় তার অফিস সংলগ্ন একটি গোডাউন খুব প্রয়োজন। তিনি আরো বলেন ঘূর্ণিঝড় সিত্রাং এর আঘাতে ফসলে মাঠে যে ক্ষতি গ্রস্ত হয়েছে তার পরিমান নিরূপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তিনি আরো বলেন জাইকার অর্থায়নে কৃষকদের মাঝে কৃষি সামগ্রী বিতরনের জন্য একটি প্রকল্প গ্রহন করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষেদ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী পদক্ষেপ গ্রহণসহ ঘূর্ণিঝড় সিত্রাং এর আঘাতে ফসলের ক্ষয় ক্ষতি নিরুপন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সম্প্রতি এস, এস, সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন আগামী ০৬ নভেম্বর থেকে এইচ, এসসি পরীক্ষা শুরু হবে। তিনি বলেন এইচ, এসসি পরীক্ষার্থীরা যাতে পরীক্ষা শেষ করে বাড়িতে ফেরার পথে বখাটেরা যাতে তাদেরকে উত্ত্যাক্ত না করে সে জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদেরকে তৎতপর থাকার তিনি সভাকে অনুরোধ করেন। তিনি বলেন আগামী ২৭/১০/২০২২ খ্রি: তারিখে শিক্ষক দিবস অনুষ্ঠিত হবে। শিক্ষক দিবসটি এম, এ, মজিদ ডিগ্রী সরকারী কালেজে অনুষ্ঠিত হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এইচ, এসসি পরীক্ষার্থীরা পরীক্ষা শেষ করে বাড়ি ফেরার পথে কোন ছাত্রীদের বখাটেরা উত্তক্ত করলে সাথে সাথে আইন-শৃঙ্খলা বাহিনীরা তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণসহ শিক্ষক দিবস যথাযথ মর্যদায় পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ দিঘলিয়া ও উপজেলা মাধ্যমিক শিক্ষ অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর। | সভায় উপজেলা প্রনিসম্পদ অফিসার জানান যে, শীতকালে মশা-মাছি এবং অতিথি পাখি আসার ফলে গবাদি পশু, ও হাঁস-মুরগীর সংক্রামক রোগের প্রাদুর্ভাবের অনেক বেড়ে যায়। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ বেশ আক্রান্ত হয়। তাই ঐ সমস্ত সংক্রমক রোগের ভ্যাকসিন প্রয়োগ করা ও খামার গুলিকে জীবানু মুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। তিনি বলেন সরকারী বরাদ্দ না থাকায় কৃষক ও খামারীদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হচ্ছে না। তিনি আরো বলেন ইউনিয়নে ক্যাম্পেইন করে যদি জীবানু নাশক ঔষধ ও ভ্যাকসিন ব্যবহার করা যেতো তাহলে | সভায় বিস্তারিত আলোচনান্তে হাঁস-মুরগীর, গবাদি পশুর জীবানুনাশক ভ্যাকসিন ক্রয়রে ক্ষেত্রে উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা | চেয়ারম্যান উপজলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনেক খামারী ও কৃষকগণ বেশ উপকার পেতো। তাই প্রণিসম্পদ উন্নয়নের জন্য পরিষদের উন্নয়ন তহবিল থেকে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘ[illegible] খুলনা। |
| ১৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব | <u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) অত্র উপজেলায় গৃহীত প্রকল্পসমূহ গত ১৬/১০/২০২২ ইং তারিখে উপজেলা যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-'ক') এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার অনুমোদন প্রয়োজন এবং প্রকল্পগুলোর Tender ও PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে তারও সিদ্ধান্ত প্রয়োজন। তিনি আরও বলেন যেহেতু অর্থবছরের ৪ মাস অতিবাহিত হয়ে গেছে সেহেতু এডিপি এর প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের স্বার্থে দরপত্র আহবান ও দাখিলকৃত প্রকল্প কমিটি অনুমোদন করা প্রয়োজন (পরিশিষ্ট-'খ') ।<br>প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউ ডি এফ) এর আওতায় অনুমোদিত প্রকল্পের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলি এডিপির সাথে প্যাকেজ ভিত্তিক Tender প্রদান করা যায় কি না সে বিষয় আলোচনা প্রয়োজন।<br>প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌলিক অব কাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলাধীন ৩ টি পাবলিক টয়লেট যথাক্রমে ১) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ভিতর, ২) উপজেলা পরিষদের ভিতর, ৩) বারাকাপুর বাজারে নির্মাণের জন্য উপজেলা পরিসদের সুপারিশের ভিত্তিতে প্রক্কলনসহ প্রেরণ করা হয়। যায় প্রেক্ষিতে তা প্রক্কলন অফিস কর্তৃক অনুমোদতি হওয়ায় দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার মেসার্স নবাব জুই এন্টার প্রাইজ দাকোপ, খুলনা এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমান ২টির কাজ চলমান রয়েছে। বাকি ১টি বারাকাপুর বাজারে টয়লেট নির্মাণের কাজের নির্ধারিত স্থানে ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণের প্রস্তাব করায় এবং তার পাশে নদী থাকায় প্রস্তাবিত স্থানে টয়লেটা বাজারের আশে পাশে কোথায়ও খালি জায়গা না থাকায় টয়লেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না বিষয়টি সভায় অবহিত করেন উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। । সে প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান, মহোদয় ব্রহ্মগাতী বাজার সংলগ্ন স্থানে টয়লেট টি নির্মাণ করা প্রস্তাব করেন। তিনি আরো বলেন খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন ভাঙ্গা রাস্তাঘাট সংস্কার, জলাবদ্ধতা দূরীকরণ এবং জরাজীর্ণ ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানেসমূহের মেরামতের জন্য আনুমানিক ৫.০০ (পাঁচ কোটি) টাকার বিশেষ বরাদ্দ প্রদানের জন্য সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবাল, ঢাকা বরাবর প্রেরণের জন্য সভায় বিস্তরিত আলোচনা করা হয়। | **বিস্তারিত আলোচনান্তে** পরিশিষ্ট-'ক' এর বর্ণিত প্রকল্পগুলি অনুমোদন এবং ২০২২-২৩ অর্থবছরের **প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের স্বার্থে এলজিইডি এর খুলনা অঞ্চলের তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদারের অংশগ্রহণ নিশ্চিত পূর্বক e-GP এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবানের সিদ্ধান্ত , প্রকল্প কমিটি (পরিশিষ্ট-'খ') অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবং প্রস্তাবিত স্থানে টয়লেট টি নির্মাণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্তে প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করারসহ দিঘলিয়া উপজেলার ভাঙ্গা রস্তাঘাট সংস্কার, জলাবদ্ধতা দূরীকরণ এবং ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠনসমূহের মেরামতের জন্য আনুমানিক ৫.০০ (পাঁচ কোটি) বিশেষ বরাদ্দ চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।** | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার ইউনিয়নে যে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কেন্দ্র রয়েছে। সেটিতে দীর্ঘ দিন যাবত ডাক্তার না থাকায় তার ইউনিয়নের সাধারন জনগণ চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছে। সে জন্য তিনি উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আড়ংঘাটা পরিবার পরিকল্পনা কেন্দ্রে ডাক্তার নিয়মিত করনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের অবশিষ্ট কাজ ও রং মূল গেইটের কাজ দ্রুত বিধি মাফিক সম্পন্ন করা প্রয়োজন। তিনি আরো বলেন মশার উপদ্রব বেড়ে যাওয়ায় ফগার মেশিনের মাধ্যমে নিয়মিত ঔষধ দওয়া প্রয়োজন। নিরাপত্তার স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বারান্দায় এস এস এর রেলিং স্থাপন করা প্রয়োজন। তাছাড়া অত্র উপজেলায় বর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের শূন্য পদের বিপরীতে ০১ নং গাজীরহাট ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডে ০১ জন, ০৩ নং দিঘলিয়া ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডে ০১ জন, ০৪ নং সেনহাটি ইউনিয়ন পরিষদের ০৭ ও ০৮ নং ওয়ার্ডে ১ জন করে মোট ০২ জন ও ০৬ নং যোগীপোল ইউনিয়নে কর্মরত মহল্লাদারগনের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে দফাদার নিয়োগ এবং ০১, ০৩ ও ০৭ নং ওয়ার্ডে ১ জন করে মোট ০৩ জন মহল্লাদার নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত কাজগুলি দ্রুত সম্পন্ন করাসহ ইউনিয়ন পরিষদ সমূহে শূন্য পদের বিপরীতে যোগীপোল ইউনিয়ন পরিষদে পদোন্নতির মাধ্যমে ০১ জন দফাদার নিয়োগ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সমূহের শূন্য পদের বিপরীতে ০৭ জন মহল্লাদার জরুরি ভিত্তিতে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম উপজে পরিষ উপজে নির্বাহ অফিসার উপজে প্রকৌশ দিঘলি খুলনা |
| ১৮ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর আঘাতে বিভিন্ন ইউনিয়নে মাছের ঘের, ধান ক্ষেত, পানের বরজ গাছের ডাল ভেঙ্গে পরে ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এর জন্য প্রতিটি ইউনিয়ন থেকে ক্ষয়ক্ষতির পরিমান এর উপর ভিত্তি করে তালিকা পূরণ করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে প্রেরনের জন্য সভায় সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঘূর্ণিঝড় সিত্রাং এর আঘাতে ক্ষতিগ্রস্ত তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে প্রেরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউ পরিষদ চেয়ারম্যান দিঘলিয়া, খুলনা। |

| | ব্যয়ের বিবরণ | মোট ব |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মোঃ আলী রেজা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নামে উপজেলা পরিষদের ভিতরে ৩ টি কালভার্ট নির্মাণ কাজের বিল বাবদ=২,০০,০০০/-<br>১৩। আক্তার হোসেন ইউপি সদস্য, দিঘলিয়া এর নামে উপজেলা পরিষদের ৪ তলা ভবনের দ্বিতীয় তলায়র বারান্দাও রুমে টাইলস স্থাপন কাজের বিল প্রদান বাবদ=২,০০,০০০/-<br>১৪। মেসার্স ভিলেজ এ্যান্ড কোং ব্রহ্মগাতী, দিঘলিয়া, খুলনা এর নামে বারাকপুর ইউনিয়নের বোয়ালির চর ভেড়িবাধ নির্মান কাজের বিল বাবদ=৩,০০,০০০/-<br>১৫। মোঃহাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ভিতরে সিসি ক্যামেরা মেরামত ও ক্রয় এর বিল বাবদ=২৪,৮০০/-<br>১৬। মোঃহাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ভিতরে সিসি ক্যামেরা মেরামত ও ক্রয়সহ আনুসজ্ঞিক কাজের বিল বাবদ=২৪,৬০০/-<br>১৭। মোসাঃ সালেহা বেগম অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ভিতরে সিসি ক্যামেরা মেরামত ও ক্রয়সহ আনুসজ্ঞিক খরচের বিল = ২৪,৯০০/-<br>১৮। মেসার্স খুলনা ফিলিং ষ্টেশন দৌলতপুর পাবলা খুলনা এর জ্বালানী তেলের বিল=৭১,১৭৮/-<br>১২। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজলো পরিষদের বিদ্যুৎ বিল সেপ্টেম্বর/২২ মাসের =৩,৮৩০/- | ১০,৪১,৭৫ |

অতঃপর আর কোন আলোচ্য  বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

তারিখ:  ২৫.১০.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩  ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ...............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ..........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া,  খুলনা।

২৫.১০.২২
(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২